# সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ, তেজগাঁও
# Civil Aviation School & College, Tejgaon

Dhaka-1215, Bangladesh, Established: 1963
E-mail: casctejgaon@gmail.com
EIIN: 108517
Web: www.casc.edu.bd
School Code: 1265
Mob: 01309-108517
College Code: 1064


Ref: সিএএসসি/অঃনথি/০৫/নিঃবিজ্ঞপ্তি/২০২৫/ভঃ-১/০২৬/৭৯০ Date: ৩১/০৭/২০২৫

## জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

১। **সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ, তেজগাঁও** এর নিজস্ব অর্থায়নে নিম্নবর্ণিত **সৃষ্টপদ সমূহে** জরুরী ভিত্তিতে আবেদন আহ্বান করা হলো:

| ক্রম | পদবী | বিষয় | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | গ্রেড ও বেতন স্কেল |
|---|---|---|---|---|---|
| ক | প্রভাষক | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ০১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি ন্যূনতম ২য় শ্রেণি/সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি। | গ্রেড-৯<br>২২,০০০-৫৩,০৬০/- |
| | | প্রাণিবিজ্ঞান | ০১ | | |
| | | ইংরেজি | ০১ | | |
| খ | সহকারী শিক্ষক, মাধ্যমিক শাখা (বাংলা ভার্সন) | বাংলা | ০১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি ন্যূনতম ২য় শ্রেণি/সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি। | গ্রেড-১০<br>(বিএড ডিগ্রিসহ)<br>১৬,০০০-৩৮,৬৪০/-<br>গ্রেড-১১<br>(বিএড ডিগ্রি ব্যতীত)<br>১২,৫০০-৩০,২৩০/- |
| গ | সহকারী শিক্ষক, প্রাথমিক শাখা (বাংলা ভার্সন) | - | ০১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোনো বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি ন্যূনতম ২য় শ্রেণি/সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি। | গ্রেড-১০<br>(বিএড ডিগ্রিসহ শিক্ষানবিশকাল পূরণ হওয়া সাপেক্ষে)<br>১৬,০০০-৩৮,৬৪০/-<br>গ্রেড-১১<br>(বিএড ডিগ্রি ব্যতীত)<br>১২,৫০০-৩০,২৩০/- |
| ঘ | সহকারী শিক্ষক, প্রাথমিক শাখা (ইংরেজী ভার্সন) | - | ০১ | | |

২। <u>আবেদনের সময়সীমা:</u> **০২ আগস্ট থেকে ১১ আগস্ট ২০২৫ তারিখ পর্যন্ত।**

৩। <u>অন্যান্য যোগ্যতা:</u> প্রত্যেক পদে **১১ আগস্ট ২০২৫** তারিখ সর্বোচ্চ বয়স ৩৫ বছর (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য)। সমগ্র শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। **অত্র শিক্ষা প্রতিষ্ঠানের** অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের **অগ্রাধিকার** দেওয়া হবে।

৪। <u>অন্যান্য সুবিধাদি:</u> প্রতিষ্ঠানের নিজস্ব বিধি মোতাবেক বাড়িভাড়া, চিকিৎসা ভাতা, নগরভাতা, উৎসবভাতা, ১০-১৫% বিশেষ সুবিধা ভাতা এবং চাকুরি স্থায়ীকরণ সাপেক্ষে পিএফ, গ্র্যাচুইটি ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে।

৫। <u>আবেদনের নিয়মাবলি:</u> প্রার্থীকে স্বহস্তে/কম্পোজ করে আবেদন করতে হবে। **প্রভাষক পদের জন্য ৩০০/-** টাকা এবং **সহকারী শিক্ষক পদের জন্য ২০০/-** টাকা আবেদন ফী **অগ্রণী ব্যাংকের** যেকোন শাখা হতে **'অধ্যক্ষ, সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ, তেজগাঁও'** বরাবর **পে-অর্ডার** করতে হবে। আবেদনপত্রের সাথে পে-অর্ডার এর মূলকপি দাখিল করতে হবে। আবেদনপত্র, জীবনবৃত্তান্ত (মোবাইল নং, ইমেইল ও বিস্তারিত ঠিকানাসহ), সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি ও অভিজ্ঞতার সনদ (যদি থাকে) আগামী **১১ আগস্ট ২০২৫** তারিখের মধ্যে সরাসরি/ডাকযোগে অধ্যক্ষ, সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ, তেজগাঁও, ঢাকা-১২১৫ ঠিকানায় পৌছাতে হবে। বিলম্বে পৌছানো আবেদন বাতিল বলে গণ্য হবে।

চলমান পাতা-০১/০২

CamScanner

# সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ, তেজগাঁও
# Civil Aviation School & College, Tejgaon

Dhaka-1215, Bangladesh, Established: 1963
E-mail: casctejgaon@gmail.com
EIIN: 108517

Web: www.casc.edu.bd
School Code: 1265

Mob: 01309-108517
College Code: 1064


Ref: Date:

৬। **পরীক্ষা পদ্ধতি:** বাছাইকৃত যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষা, শ্রেণিকক্ষে পাঠদান যাচাই এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

৭। **পরীক্ষা ও প্রবেশপত্র:** বাছাইকৃত যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষার সময়সূচী SMS এর মাধ্যমে জানানো হবে। লিখিত পরীক্ষার দিন প্রবেশপত্র অফিস হতে **(পরীক্ষা শুরুর ০২ ঘন্টা আগে থেকে)** বিতরণ করা হবে। আবেদনপত্রে প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পর্যবেক্ষণ ও প্রাপ্ত নির্দেশনা অনুসরণ করা বাঞ্ছনীয়।

৮। **শর্তাবলি:** চাকুরিতে যোগদানের এক বছরের মধ্যে স্বেচ্ছায় চাকুরি হতে অব্যাহতি নেওয়া যাবে না। প্রার্থীদেরকে উল্লেখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোন আবেদনপত্র বাতিল এবং নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করে। যেকোনো ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

৩০.০৭.২৫

অধ্যক্ষ
সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ, তেজগাঁও
ঢাকা-১২১৫।



CamScanner